27

দৈনিক সংবাদ

তারিখ ... 07 NOV 1996
পৃষ্ঠা ৬ কলাম ৬

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নয়া উপাচার্য নিয়োগ

(নিজস্ব বার্তা পরিবেশক)

চট্টগ্রাম, ৬ই নভেম্বর।– বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক আবদুল মান্নানকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিয়োগ করেছেন। চ্যান্সেলরের নির্দেশ আজ বুধবার ফ্যাক্সযোগে বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা হয়। অপর এক নির্দেশে চ্যান্সেলর বর্তমান উপাচার্য অধ্যাপক আর আই চৌধুরীকে দায়িত্ব থেকে অব্যাহতি প্রদান করেন। গত ৩১শে ডিসেম্বর উপাচার্য পদে তার মেয়াদ শেষ হয়ে গেলে পরবর্তী উপাচার্য দায়িত্বভার গ্রহণ না করা পর্যন্ত তাকে কাজ চালিয়ে যাবার জন্য দাপ্তরিক নির্দেশ দেয়া হয়েছিল।

নতুন উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান আজ সন্ধ্যায় দায়িত্বভার গ্রহণ করেছেন বলে বিশ্ববিদ্যালয় সূত্রে জানানো হয়েছে।